“মেহেরপুর শিল্পী গোষ্ঠী” র আনুষ্ঠানিক যাত্রা শুরু

মেহেরপুরে ছড়িয়ে ছিটিয়ে থাকা সাংস্কৃতিক ব্যাক্তিদের সু-সংগঠিত করে সাংস্কৃতিক অঙ্গনকে গতিশীল করার লক্ষে “মেহেরপুর শিল্পী গোষ্ঠী” যাত্রা শুরু করলো।

শুক্রবার সন্ধায় মেহেরপুর সরকারি শিশু পরিবারের সামনে আনুষ্ঠানিক ভাবে এই সংগঠনের উদ্বোধন করা হয়।
নব গঠিত সংগঠনের সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন সোহেল খান। সাধারণ সম্পাদক হয়েছেন ইয়াকুব আলী চঞ্চল।
কমিটির অন্য সদস্যরা হলেন, যুগ্ম সম্পাদক আব্দুস সামাদ, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, সাংস্কৃতিক সম্পাদক সাবিনা ইয়াসমিন সাধনা, নাট্য সম্পাদক সাইফুল্লাহ খালেদ রিপন।
সদস্য মাহাতাব, আনিসুর, কুশিয়ারা, রুবিনা, আক্তার, জাহাঙ্গীর, পালু, মোতালেব, জাহিদ হোসেন, ইনসান, মনিরুল ইসলাম, শামিম রেজা, সোহেল রানা, আখতারুজ্জামান।
নিজস্ব প্রতিনিধি

পেঁয়াজ রশুনের ঝাঁঝে কাঁদছে ক্রেতারা

রশুন পেঁয়াজের দাম কমছেইনা। মেহেরপুরের গাংনী উপজেলা শহরের সবজি ও তরকারি বাজার ঘুরে দেখা যায় প্রতি কেজি রশুনের দাম ১শ’ ৮০ টাকা যা গত সপ্তাহে ছিল ১শ’৪০ থেকে ১শ’ ৬০ টাকা।এ

দিকে ঝালের দাম গত সপ্তাহের চাইতে কেজিতে ২০টাকা কমেছে। যা গত সপ্তাহে ছিল ৬০ টাকা কেজি।তাছাড়া অন্যান্য সকল প্রকার সবজির দাম কেজি প্রতি ২৫ থেকে ৩০ টাকা কেজি দরে চললেও বাজারের নতুন সবজি হিসেবে টমেটো কেজি প্রতি ১৪০ টাকা দরে বিক্রয় হচ্ছে।

মাংসের বাজার আগের মতোই রয়েছে। গরুর মাংস কেজি প্রতি ৫শ’ টাকা খাসির মাংস সাড়ে ৬শ’ টাকা করে বিক্রয় হচ্ছে।

এদিকে দেশী মুরগী সাড়ে ৩শ’ থেকে ৩শ’ ৮০ টাকা প্রতি কেজি দরে বিক্রয় হচ্ছে। তাছাড়া ফার্মের বিভিন্ন প্রকারের মুরগী কেজি প্রতি ১শ’৮০ থেকে ২শ’ ৫০ টাকা দরে বিক্রয় হতে দেখা গেছে।

কয়েকজন ক্রেতা জানান, সবজির দাম সহনীয় পর্যায়ে থাকলেও পেয়াজ রশুন কিনতে নাভিশ্বাস অবস্থা হয়ে যাচ্ছে।

এদিকে সবজি বিক্রেতারা জানান পেঁয়াজ রশুনের আমদানিই নাই যে কারণে এর দাম বেশি পড়ছে। তবে তারা জানান কিছুদিনের ভিতর রশুন পেঁয়াজের দামকিছুটা কমতে পারে।

-এ সিদ্দিকী শাহীন, গাংনী

এমপিও ভুক্তি হওয়ায় আনন্দ র্যালী

হেরপুর সদরের মোমিনপুর মাধ্যমিক বালিকা ও বর্শিবাড়িয়া বিদ্যালয় এমপিও ভুক্ত হওয়ায় আনন্দ র্যালি করেছে প্রতিষ্ঠানটি।

গতকাল বৃহস্পতিবার সকাল ১০ ঘটিকার সময় বিদ্যালয় প্রাঙ্গণ থেকে একটি আনন্দ র্যালি বের করে বারাদি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে র্যালী টি শেষ হয়।

মোমিনপুর মাধ্যমিক বালিকা বর্শিবাড়িয়া বিদ্যালয় এমপিও ভুক্ত হওয়ায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রী ড. দিপু মনি, ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য অধ্যাপক ফরহাদ হোসেন এমপি কে অভিনন্দন জানিয়েছেন।

এ সময় উপস্থিত ছিলেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, ও আবুল কালাম আজাদ, স্কুল মেনেজিং কমিটির সভাপতি ও ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামীম ফেরদৌস,ও উপজেলা ভাইস চেয়ারম্যান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মমিন সহ বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ দীর্ঘদিনের চাওয়া-

পাওয়ার পূর্ণতা পাওয়াই শিক্ষক কর্মচারীদের মধ্যে আনন্দ অনুভূত হয়।

বারাদী প্রতিনিধি

নদী খননে তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় পৌঁছাবে

চুয়াডাঙ্গার মাথাভাঙ্গা নদীসহ ৫টি নদী খননের উদ্যোগ গ্রহন করেছে সরকার। ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায় এ নদী খনন করা হবে।

প্রকল্প বাস্তবায়নের অংশ হিসাবে গতকাল বৃহস্পতিবার দুপুরে জীবননগরে চিত্রা নদী খনন কাজের উদ্বোধন করা হয়। জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের শাখারিয়া পিচ মোড় গ্রামে নদীর মাটি কেটে খনন কাজের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, স্থানীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর।

এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার সিরাজুল ইসলাম, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম ও পানি উন্নয়ণ বোর্ডের নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান আবু মো: আব্দুল লতিফ অমল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুল সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন।

এ সময় সংসদ সদস্য আলী আজগর টগর বলেন, বাংলাদেশ নদীমাতিৃক দেশ। তাই সারা দেশে নদীগুলোকে বাঁচানোর উদ্যোগ গ্রহন করেছে সরকার। বর্তমান সরকার উন্নয়নে বিশ্বাসী। দেশের নদীগুলো সচল হলে দেশের তৃণমূলের কৃষি ঘুরে দাঁড়াবে। তাই প্রধানমন্ত্রীর নির্দেশে ৬৪টি জেলার অভ্যন্তরীস্থ নদী খনন প্রকল্পের আওতায়

চুয়াডাঙ্গার ৫টি নদী খনন করা হবে। চিত্রা নদী খনন সেই উন্নয়নের ধারাবাহিকতার অংশ।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জনন্ত্রেী শেখ হাসিনার নদী খনন প্রকল্পটি যুগান্তকারী সিদ্ধান্ত। কারণ নদীগুলো বাঁচলে বাঁচবে পরিবেশ, রক্ষা হবে জীব বৈচিত্র। তৃণমূলের কৃষি নতুন উচ্চতায় উন্নতি হবে। আর এ কারণে নদী বাঁচাতে সরকারের এ পরিকল্পনা ।

চুয়াডাঙ্গা পানি উন্নয়ন বোর্ডরে নির্বাহী প্রকৌশলী জাহেদুল ইসলাম জানান, প্রকল্পের ১ম পর্যায়ে চুয়াডাঙ্গার মধ্য নদী বয়ে যাওয়া চিত্রা নদী খনন করা হবে। এর মধ্যে জীবননগর উপজেলাতে ৬ কিলোমিটার নদী খনন করা হবে। ২০২০ সালের ২০ জুনের মধ্যে খননের কাজ শেষ করা হবে।

জীবননগর প্রতিনিধি

মেহেরপুরে উপজেলা পর্যায়ে ‘বিজয় ফুল’ প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুরে মহান বিজয় দিবস উপলক্ষে নতুন প্রজন্মের কাছে মুক্তিযুদ্ধের চেতনা, উপলব্ধি এবং সংগ্রামী ইতিহাস জানেনোর উদ্দেশ্যে উপজেলা পর্যায়ে ‘বিজয় ফুল’ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার সদর উপজেলা পরিষদ মিলনায়তনে এ অনুষ্ঠানে বিজয় ফুল তৈরি, গল্প রচনা, কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয়, চলচ্চিত্র নির্মাণ এবং দলগত দেশাত্মবোধক ও জাতীয় সংগীত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান অংশগ্রহণ করে। অনুষ্ঠানে বিচারক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা শিল্পকলা প্রশিক্ষক খন্দকার জমশেদ আলী ও সাফিনাস আরা ইরানি এবং বামন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফৌজিয়া আফরোজ তুলী।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে পানিতে ডুবে শিশুর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে পানিতে ডুবে মেঘরাজ (৪) নামের এক শিশুর মৃত্যু হয়েছে।
বৃহস্পতিবার দুপর ১টায় গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের এ ঘটনা ঘটে। মেঘেরাজ ঐ গ্রামের প্রবাসী বাবলু মিয়ার ছেলে।
স্থানীয়রা জানায়, মেঘেরাজ বাড়ির পার্শে একটি পুকুরপাড়ে খেলা খেলছিলো। অসাবধানতা বসত পানিতে ডুবে তার মৃত্যু হয়।
মেঘেরাজের পরিবারের সদস্যরা জানায়, মেঘেরাজ কে দীর্ঘ সময় সন্ধান করে কোথাও না পেয়ে পুকুড় পাড় এলাকায় খুঁজতে গেলে তার ভাসমান লাশ দেখে স্থানীয়দের সহায়তার উদ্ধার করা হয়।

নিজস্ব প্রতিনিধি

বিলুপ্তির পথে মেহেরপুরের তাঁত শিল্প

সরকারী পৃষ্ঠপোষকতা ও পুজিঁর অভাব সহ নানা কারনে খুঁড়িয়ে খুড়িয়ে চলছে মেহেরপুরের তাঁত শিল্প। যেগুলো টিকে আছে সেগুলোও প্রায়

গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান বলেন, আমাদের এখানে দেশীয় যে শিল্প গুলো বিশেষ করে তাঁত শিল্প, মৃৎ শিল্প এগুলো যেন যুগ যুগ ধরে বেঁচে থাকে এবং আমাদের যে সংস্কৃতি ও ঐতিহ্য তা সারা বিশে^ ছড়িয়ে পড়ে এ বিষয়ে আমরা সদা তৎপর রয়েছি।

সেই মুল্যেবোধ বা স্পর্শকাতর অনুভুতির জায়গা থেকে আমরা চাই যারা তাঁত শিল্প জড়িয়ে আছে তারা যেন সর্বোচ্চ সরকারী সুবিধায় অংশিদার হতে পারে। এবং তাঁত শিল্পকে টিকিয়ে রাখার জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সব ধরনের সহযোগীতা করা হবে।

নুহু বাঙ্গালী, বামন্দী

হাইব্রিড আওয়ামী লীগারদের দাঁত ভাঙা জবাব দেওয়া হবে

মেহেরপুরের গাংনী-২ আসনের এমপি ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাহিদুজ্জামান খোকনকে গণ সংবর্ধণা দিয়েছে গাংনী উপজেলা আওয়ামী লীগ।

‘এশিয়ান পার্লামেন্ট গ্রান্ট এসাম্বেলি অব তুরস্ক’ এ বক্তব্য শেষে বাংলাদেশে প্রত্যাবর্তন উপলক্ষ্যে এমপি সাদিুজ্জামান খোকনকে বৃহস্পতিবার বিকেলে এ সংবর্ধণা দেওয়া হয়।
গাংনী বাজার শহীদ রেজাউল চত্বরের গণসংবর্ধণায় তিনি বিশ্বের মুসলমানদের নিপিড়নের বিরুদ্ধে তুরস্কের পার্লামেন্টে বক্তব্য দেন।

তিনি বলেন শুধু বিশ্বের মুসলমানদের নির্যাতনের বিরুদ্ধেই নয় আমি আমাদের বাংলাদেশের রহিঙ্গা ইস্যু নিয়েও সেখানে কথা বলেছি।

উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফার সভাপতিত্বে এমপি সাহিদুজ্জামান খোকন তার বক্তব্যে আরও বলেন আগামী উপজেলা কাউন্সিলকে কেউ যাতে বানচাল না করতে পারে সেদিকে খেয়াল রাখতে হবে।

তিনি উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেককে উদ্দেশ্যে করে বলেন, আপনি আওয়ামী লীগ করেন অথচ যারা গত সংসদ নির্বাচনে বিএনপি নেতা মিল্টনের কাছ থেকে টাকা খেয়ে নৌকার বিরুদ্ধে ভোট করেছে আপনি তাদের সাথে হাত মিলিয়েছেন।

তিনি আরো বলেন আপনি শেখ হাসিনার লোক শেখ হাসিনাও আপনাকে ভালবাসে। সে ভালবাসা বেশি দিন টিকেনা ভালবাসা কখনো টক হয়ে যায়। আপনি তাদের কাছ থেকে সরে আসেন।

মকবুল হোসেনকে (সাবেক এমপি) কি চোখে নেত্রী দেখে আপনি আব্দুল খালেক কি জানেন না? এমপি সাহিদুজ্জামান বলেন শেখ হাসিনা কোনদিন মকবুল হোসেনকে গ্রহন করেনি কোনদিন গ্রহন করবেনা করবেনা করবেনা। তাহলে কি গাংনীর আওয়ামী লীগ নষ্ট হয়ে যাবে?

তিনি কাউন্সিল প্রসঙ্গে বলেন, আমরা নতুন করে কাউন্সিল করতে চাই। তারা এক সপ্তাহ ধরে কাউন্সিল বন্ধ করার জন্য ঢাকায় নেতাদের বাড়ি বাড়ি গেছে।

তিনি ব্যানার টাঙ্গানো প্রসঙ্গে বলেন, যদি কোন বান্দর এ ধরণের ব্যানার টাঙ্গায় আপানাদের কাছে আমার অনুরোধ রইল আপনাদের যার যা আছে তাই নিয়ে গ্রাম থেকে শহর পর্যন্ত তাদের মোকাবেলা করবেন।

আমি আর ছাড় দিয়ে রাজনীতি করতে চাইনা।
এমপি সাহিদুজ্জামান খোকন নেতাদের কাউন্সিলে আগাম দাওয়াত দিয়ে বলেন, ”আপনারা কাউন্সিলে আসবেন হাতে ছোট ছোট লাঠি নিয়ে।

যদি কেউ আওয়ামী লীগ বিরোধী কথা বলে যদি কেউ অন্যায় দাবি করে তার জন্য উচিৎ জবাব দেওয়াতে হবে তার দাঁত ভাঙ্গা জবাব দিয়ে চিরতরে আওয়ামী লীগ থেকে এই হাইব্রিড আওয়ামী লীগ বিদায় করতে হবে।”

তিনি সাবেক এমপি মকবুল হোসেনকে উদ্দেশ্যে করে বলেন,“ হাইব্রিড কিডাগো কালকে আইলি ৯০ সালে দলে আর তুমি অন্যকে বল হাইব্রিড সাথে আছে তোমার ডান হাতে বসা রাজাকারের ছেলে বাম হাতে বসা তোমার রাজাকারের ছেলে আর তুমি আমার বিরুদ্ধে কথা বল, লজ্জা করেনা শয়তানের দল।”

তিনি হুশিয়ার করে বলেন আর কোনদিন ছেড়ে দেওয়া হবেনা।
যারা প্রাথমিক বিদ্যালয়ে দপ্তরী নিয়োগে জনগনের টাকা নিয়েছেন তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে ।

তিনি বলেন, আমার কোন লোভ লালসা নেই আমি ৩৫ বছর রাজনীতি করেছি অথচ এখনও ভাড়া বাড়িতে থাকি অথচ গাংনীর কোন কোন নেতা আগুল ফুলে কলাগাছ হয়েছে । আজ আবার তারাই আমার বিরুদ্ধে বিভিন্ন ষড়যন্ত্র করছে ।

গণ সংবর্ধনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মখলেচুর রহমান মুকুল, উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা পঁচু বিশ্বাস, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মনি মাষ্টার, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম, জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম, কাথুলি ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা সহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতা কর্মী।
এ সময় উপজেলার সকল স্তরের নেতা কর্মী, মুক্তিযোদ্ধা ও স্থানীয় জনগণ উপস্থিত ছিলেন।

গাংনী প্রতিনিধি

জেলা ছাত্রলীগের উদ্যোগে মৃদুলের জন্ম দিন পালন

মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুনতাসীর জামান মৃদুলের ২৬ তম জন্মদিন পালন করা হয়েছে।

এ উপলক্ষে সরকারি কলেজ জামে মসজিদে মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি আবু মোর্শেদ সরকারের উদ্যোগে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি কুদরত-ই-খুদা রুবেল।

মেহেরপুর সদর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহবায়ক মো মাহফুজুর রহমান পলেন মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ

সম্পাদক ফয়সাল খাঁন প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে ইউএনওর হস্তক্ষেপে বাল্যবিয়ে বন্ধ

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ওসমান গনি এর হস্তক্ষেপে বাল্যবিয়ে থেকে মুক্তি পেয়েছে মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণীর ছাত্রী কুলসুম খাতুন।

বৃহস্পতিবার সন্ধায় মুজিবনগর উপজেলার মোনাখালী ফিল্ডপাড়ায় কুলসুম এর নিজ বাড়িতে বিয়ের জন্যে আয়োজন কালে সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে এ বাল্যবিয়ে বন্ধ করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট উসমান গনি।

কুলসুম খাতুন মোনাখালী গ্রামের আমানুল ইসলামের মেয়ে।
উপজেলা নির্বাহী অফিসার জানান, বৃহস্পতিবার সন্ধায় কুলসুমের পিতা গোপনে তার নাবালিকা মেয়ের বিয়ের জন্যে আয়োজন করছে।

এমন খবরের ভিত্তিতে সেখানে অভিযান পরিচালনা করি। পরে ঘটনা সঠিক হলে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে বাল্য বিয়ে দেওয়ার অপরাধে বিয়ে বন্ধসহ মেয়ের বাবার কাছ থেকে বাল্য বিবাহ নিয়ন্ত্রন আইনে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

একই সাথে মেয়ের প্রাপ্ত বয়স্ক না হওয়া পর্যন্ত বিয়ে না দেয় সে জন্যে মেয়ের পিতার কাছ থেকে মুচলেকায় নেওয়া হয়।

ভ্রাম্যমাণ আদালত চলাকালীন সময়ে মোনাখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মফিজুর রহমান মফিজ উপস্থিত ছিলেন।

মুজিবনগর অফিস